গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
পরিকল্পনা শাখা

আমরা বদলে যাবো
আমরা বদলে দেবো

বিষয়: ন্যাশনাল সিঙ্গেল উইন্ড প্রকল্পের Project Steering Committee (PSC) ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু হেনা মোঃ রহমাতুল মুনিম সিনিয়র সচিব
সভার তারিখ	১৩ সেপ্টেম্বর, ২০২৩।
সভার সময়	০৩:৩০ ঘটিকা।
স্থান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট (ক)।

প্রকল্পের অনুমোদিত ব্যয় (কোটি টাকায়):

	মূল অনুমোদিত	১ম সংশোধিত	২য় সংশোধিত
মোট	৫৮৫.৩৯	৫৮৪.৯৫	-
জিওবি	৫৬.১০	৫৫.৬৬	-
বৈদেশিক অর্থায়ন	৫২৯.২৯	৫২৯.২৯	-
প্রকল্পের মেয়াদকাল	১ জুলাই, ২০১৭ হতে ৩১ ডিসেম্বর, ২০২৩		
প্রথম সংশোধিত	২৫/১১/২০২০		

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ বিভাগের যুগ্ম সচিব (পরিকল্পনা) সভায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বিভিন্ন বিষয়াদি উপস্থাপন করেন। এডিপিভূক্ত প্রকল্পটির উপর বিস্তারিত আলোচনায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা, বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করা হয়:

প্রকল্প পরিচালক নিম্মোক্তভাবে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন: একনেক কর্তৃক প্রকল্পের ডিপিপি অনুমোদিত হয় আগস্ট/২০১৭ ও প্রকল্প পরিচালক নিয়োগ করা হয় এপ্রিল/২০১৮। Project Implementation Unit (PIU) গঠন করা হয় জুলাই/২০১৮ ও আমদানি রাপ্তানি বাণিজ্যের সাথে সম্পৃক্ত ৩৯টি দপ্তরের সাথে MoU স্বাক্ষর করা হয় ০৭ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দে। প্রকল্পের কার্যক্রম সম্পাদনের জন্য World Bank এর রেগুলেশন অনুযায়ী ন্যাশনাল প্রকিউরমেন্ট কনসালটেন্ট (NPC) ফাইন্যানশিয়াল ম্যানেজমেন্ট স্পেশালিস্ট (FMS), ইন্টারন্যাশনাল প্রকিউরমেন্ট স্পেশালিস্ট (IPS) ও ইন্টারন্যাশনাল টেকনিক্যাল স্পেশালিস্ট নিয়োগ করা হয়েছে। World Bank এর রেগুলেশন মোতাবেক Project Management & Quality Assurance (PMQA) Consultancy Service প্রদানকারী Pricewaterhouse Coopers Pvt. Ltd. (PWC), India নামীয় প্রতিষ্ঠানটি তিন বছরের জন্য জানুয়ারি/২০২০ হতে চুক্তিবদ্ধ হয়ে মার্চ/২০২৩ পর্যন্ত কাজ করেছে। পরবর্তীতে PricewaterhouseCoopers Pvt. Ltd. চুক্তি extension এ সম্মত না হওয়ায় PMQA Consultancy Service সরবরাহকারী প্রতিষ্ঠান নিয়োগের জন্য গত ১১ মে ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে দরপত্র প্রকাশ করা হয়েছে। উক্ত ক্রয় কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। ক্রয় প্যাকেজ NBR-RFP1A এর মাধ্যমে নিয়োগকৃত সফটওয়্যার ভেন্ডর হতে যে স্পেসিফিকেশন পাওয়া যাবে তার ভিত্তিতে ক্রয় প্যাকেজ NBR-GD2A এর হার্ডওয়্যার ক্রয় করা হবে।

আন্তর্জাতিক দরপত্র আহবান করে ক্রয় প্যাকেজ NBR-RFP1A এর সম্পন্ন করা হয়েছে। উক্ত প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত প্রতিষ্ঠান Webb Fontaine এর সাথে গত ২১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে NSW Solution ও ARMS Software ডেভেলপমেন্ট ও সরবরাহ করার জন্য চুক্তি করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নের প্রস্তাবিত মোট প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ৫৮৪ কোটি টাকা। প্রকল্পের ২টি প্যাকেজ যা NBR-RFP1A ও NBR-GD2A এর প্রাক্কলিত ব্যয় যথাক্রমে ২৯৯.৪০কোটি ও ১৭১.৩৩ কোটি অর্থাৎ ৪৭০.৭৩ কোটি টাকা। আর এই দুটো প্যাকেজেই প্রকল্পের ৮০.৪১ % অর্থ বরাদ্দ থাকায় প্রকল্পের কাজের অগ্রগতি হলেও ব্যয় এর হার কম দৃশ্যমান হচ্ছে।

প্রকল্প পরিচালকপ্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা ও সভাকে অবহিত করেন:

কাজের বিবরণ	সম্পাদনের সম্ভাব্য সময়	সম্ভাব্য সম্পাদনের তারিখ
NSW Solution & ARMS Software	৩ (তিন) বছর	৩০/০৬/২০২৬
Package#NBR-RFP1A (Contract Signing)		ইতোমধ্যে সম্পন্ন হয়েছে
Package#NBR-GD2A (Request for Bids)	১ (এক) মাস	৩০/০৯/২০২৩
Package#NBR-GD2A (Evaluation of Bids)	৬ (ছয়) মাস	২৮/০২/২০২৪
Package#NBR-GD2A (Approval & Contract Signing)	৯ (নয়) মাস	৩০/০৬/২০২৪
NBR-SD5B Package এর আওতায় NPC নিয়োগ কার্যক্রম	-	ইতোমধ্যে সম্পন্ন হয়েছে
NBR-SD4A Package এর আওতায় FMS নিয়োগ কার্যক্রম	-	ইতোমধ্যে সম্পন্ন হয়েছে
NBR-SD1A Package এর আওতায় PMQA নিয়োগ কার্যক্রম	৭ (সাত) মাস	৩১/০৩/২০২৪
NBR-SD1B Package এর আওতায় "Project Management and Contract Monitoring Services" নিয়োগ কার্যক্রম	-	ইতোমধ্যে সম্পন্ন হয়েছে
NBR-SD 8 Package এর আওতায় Internal Audit (National) নিয়োগ কার্যক্রম	০৮ (আট) মাস	২৮/০২/২০২৪
সার্বিক প্রতিবেদন প্রস্তুত	-	-
জাতীয় রাজস্ব বোর্ডের নিকট হস্তান্তর	-	-

প্রকল্প পরিচালক আরও জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে মোট ১৯২৯৪.০০ লক্ষ টাকার [জিওবি খাতে ১৭৯৪.০০ লক্ষ এবং আরপিএ অন্যান্য খাতে ১৭৫০০.০০ লক্ষ] কোড ভিত্তিক বিস্তারিত বরাদ্দ চেয়ে ১৪ মার্চ, ২০২৩ খ্রি: তারিখে প্রকল্প দপ্তর হতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয় । কিন্তু ২০২৩-২৪ অর্থ বছরে মোট ১৮৮৬৭.২০ লক্ষ টাকা; যেখানে জিওবি ১৭ কোটি ৮৭ লক্ষ টাকা এবং আরপিএ অন্যান্য খাতে ১৭০ কোটি ৮০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হলেও আইবাস ++ থেকে প্রাপ্ত অর্থনৈতিক কোড যাচাই করে দেখা যায় যে, জিওবি খাতে প্রতিনিধি ব্যয় (3211105), বিদ্যুৎ (3211113), কুরিয়ার (3211116), প্রকাশনা (32111280), সম্মানী (3257206), আপ্যায়ন ব্যয় (3211106), মোটরযান (3258101), অফিস সরঞ্জামাদি (3258104), কম্পিউটার সামগ্রী (3255101), কনসালটেন্সি (3257101) ও সেমিনার কনফারেন্স ব্যয় (3211111) **বরাদ্দ প্রদান করা হয়নি** এবং পরিষ্কার পরিচ্ছন্ন সামগ্রী (3211102), পানি (3211115), ইন্টারনেট (3211117), টেলিফোন (3211120), প্রচার ও বিজ্ঞাপন ব্যয় (3211125), পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট (3243101) এবং মুদ্রণ ও বাঁধাই (3255102) খাতে এ দপ্তর থেকে **চাহিত বরাদ্দের অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হয়েছে** এবং যার সংস্থান ডিপিপিতে অন্তর্ভুক্ত নাই। ভুলবশত: বর্তমান অর্থ বছরের সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডগুলোর বিপরীতে অর্থ বরাদ্দ দেওয়া হয়নি বলে প্রতীয়মান। প্রকল্পের কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য আইবাস ++ এ প্রদত্ত ২০২৩-২৪ অর্থ বছরে মোট ১৮৮.৬৭ কোটি টাকার খাত ভিত্তিক বিভাজনের বিপরীতে বরাদ্দ পরিবর্তন করার পাশাপাশি আরপিএ জিওবি এর পরিবর্তে আরপিএ অন্যান্য খাতে বাজেট পুন: বিভাজন করা প্রয়োজন। বর্তমান আইবাস ++ এ বরাদ্দকৃত অর্থনৈতিক কোড এর বিপরীতে বরাদ্দ সংশোধন করে পুন: বরাদ্দ প্রদান প্রয়োজন। এ বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে গত ২৮ আগস্ট ২০২৩ ইং তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

প্রকল্প পরিচালক আরো জানান যে, software development এর কাজে নিয়োজিত প্রতিষ্ঠান Webb

Fontaine প্রাথমিক অবস্থায় ৫-৬ টি CLPIA নিয়ে পাইলটিং এর কাজ শুরু করবে। ইতোমধ্যে ৬টি CLPIA সিলেক্ট করা হয়েছে। এছাড়া উক্ত প্রতিষ্ঠান দরপত্র প্রস্তাবের সময় যে key person প্রস্তাব করেছিল তন্মধ্যে ২ জন key person (i) Project Manager & (ii) Expert in International Trade & Tariffs পরিবর্তনের জন্য আবেদন করেছে। বিষয়টি TEC এর মুল্যায়ন প্রতিবেদন এবং World Bank এর NOC পাওয়া সাপেক্ষে উন্নয়ন প্রকল্পে প্রতিস্থাপক পরামর্শক নিয়োগ সংক্রান্ত আন্তঃ মন্ত্রনালয় কমিটি এর অনুমোদনের লক্ষ্যে IRD তে প্রেরণ করা হবে।

প্রকল্প পরিচালক আরো জানান যে, প্রকল্পের আওতায় দ্বিতীয় বৃহৎ ক্রয় প্যাকেজ হলো hardware procurement সংক্রান্ত, যার প্যাকেজ নং NBR-GD2A । আশা করা যাচ্ছে সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে প্যাকেজ নং NBR-GD2A এর RFP তৈরি করা হবে।

পরিকল্পনা মন্ত্রণালয়ের সদস্য সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগের ৩ জুলাই, ২০২২ তারিখের ৩৩৫ নং প্রজ্ঞাপনে ২০২২-২৩ অর্থ বছরের জন্য প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন কমিটির সভায় অংশগ্রহকারী সদস্যদের সম্মানী স্থগিত করা হয়েছিল। উক্ত পরিপত্রে সকল প্রকার প্রকল্প/কর্মসূচি/স্কীমসমূহের ক্ষেত্রে '৩২৫৭২০৬' সম্মানী' অর্থনৈতিক কোডের বরাদ্দ থেকে PIC, PSC, DPEC, SPIC, DSPIC সভায় সম্মানী বাবদ কোন অর্থ ব্যয় করা যাবে না। কিন্তু উক্ত পরিপত্রের সময়-সীমা ইতোমধ্যে শেষ হয়েছে বিধায় ২০২৩-২৪ অর্থবছরে সকল কমিটির সভায় অংশগ্রহণকারী সদস্যদের সম্মানী প্রদান করতে কোন বাধা নেই। এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয় জানান যে, সকল আইন-কানুন পর্যবেক্ষণপূর্বক সঠিক রয়েছে মর্মে প্রতীয়মান হলে সম্মানীর বিষয়ে সিদ্ধান্ত নিতে বলেন।

এ বিভাগের উপসচিব (পরিকল্পনা), জনাব দীপক কুমার বিশ্বাস ২০২২-২৩ অর্থবছরের সম্মানীর বিষয়ে জারিকৃত পরিপত্র পর্যালোচনাপূর্বক জানান যে, উক্ত পরিপত্রের সময়-সীমা ইতোমধ্যে শেষ হয়েছে বিধায় ২০২৩-২৪ অর্থবছরে সকল কমিটির সভায় অংশগ্রহণকারী সদস্যদের '৩২৫৭২০৬' সম্মানী' অর্থনৈতিক কোডের বরাদ্দ থেকে PIC, PSC, DPEC, SPIC, DSPIC সভায় সম্মানী প্রদান করার বিষয়টি সঠিক রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

সিনিয়র সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, জাতীয় রাজস্ব বোর্ড এর আইটি সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রকল্পের সফটওয়ার ডেভেলপমেন্ট এর সাথে জড়িত বিশ্লেষজ্ঞদের নিয়ে একটি আইটি টিম গঠন করতে হবে। উক্ত টিম ভেন্ডরদের সাথে সফটওয়ার প্রস্তুত, পরিচালনা ও উন্নয়ন সম্পর্কিত কাজে সার্বক্ষনিক যুক্ত থাকবে, যাতে প্রকল্প হস্তান্তর পরবর্তী সময়ে সফটওয়ারের উন্নয়ন, পরিচালন ও রক্ষনাবেক্ষণ এবং নিরবিচ্ছিন্ন সেবা প্রদান সহজতর হয়। উক্ত টিম প্রকল্প সংক্রান্ত কার্যাবলী বিশেষ করে প্রযুক্তি হস্তান্তর সূচারুরূপে সম্পন্ন হচ্ছে কিনা, সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক আইটিমের কার্যক্রম পরিদর্শনপূর্বক ভেন্ডরদের সমন্বয়ে প্রতি মাসে একটি ফ্যাক্ট ফাইন্ডিং সভা আয়োজন করবে এবং উক্ত সভার বাস্তবায়ন অগ্রগতি অভ্যন্তরীণ সম্পদ বিভাগে অনুষ্ঠিত মাসিক ADP পর্যালোচনা সভায় তথ্য প্রমাণকসহ উপস্থাপন করা প্রয়োজন মর্মে নির্দেশনা প্রদান করেন।

সিনিয়র সচিব মহোদয় আরো নির্দেশনা প্রদান করেন যে, ২০২৩-২৪ অর্থবছরের ADP তে বরাদ্দের পরিমাণ যাই থাকুক না কেন RADP-তে এমনভাবে বরাদ্দের চাহিদা প্রেরণ করতে হবে যে পরিমাণ অর্থ যথার্থ নিয়মে ও নিদির্ষ্ট সময়ের মধ্যে ব্যয় করা সম্ভব হয়। তিনি আরও জানান যে, আগামী PSC সভার পূর্বে সকল প্রকল্পের একটি পর্ণাঙ্গ Workplan প্রস্তুতপূর্বক অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। যাতে করে উক্ত প্রকল্পের অর্থনৈতিক অগ্রগতির সাথে বাস্তবায়ন অগ্রগতির সামঞ্জস্য থাকে এবং ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে অপরাগ হলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক-কে সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করতে হবে।

উক্ত সভার বিস্তারিত আলোচনা পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী সংস্থা
সিদ্ধান্ত-১: NSW প্রকল্পের মেয়াদ ৩১.০১২.২০২৬ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব ৩০ আগস্ট, ২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-২: নতুন PMQA Service Provider প্রতিষ্ঠান নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-৩: নতুন PMQA Service Provider নিয়োগ করতে প্রায় ৯ মাস সময় লেগে যাবে বিধায় Software vendor এর কাজ মনিটরিংপূর্বক নতুন PMQA Service Provider এর নিকট কাজ বুঝিয়ে দেওয়ার জন্য আগামী ৬ মাসের জন্য Individual consultant নিয়োগ প্রদান করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-৪: আগামী সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে প্যাকেজ নং NBR-GD2A এর ক্রয় প্যাকেজ তৈরী করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-৫: RADP-তে বরাদ্দের চাহিদা প্রেরণের ক্ষেত্রে যে পরিমাণ অর্থ যথার্থ নিয়মে ও নির্দিষ্ট সময়ের মধ্যে ব্যয় করা সম্ভব সে পরিমাণ অর্থের চাহিদা প্রেরণ করতে হবে এবং প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে অপরাগ হলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক-কে সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-৬: জাতীয় রাজস্ব বোর্ডে আইটি সংশ্লিষ্ট প্রকল্পের কর্মকর্তা ও প্রকল্পের সফটওয়ার ডেভেলপমেন্ট এর সাথে জড়িত বিশ্লেষজ্ঞদের নিয়ে ১৫ কার্য দিবসের মধ্যে একটি আইটি টিম গঠনপূর্বক অভ্যন্তরীণ সম্পদ বিভাগকে অবহিত করতে হবে এবং জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক আইটি টিমের কার্যক্রম পরিদর্শনপূর্বক ভেন্ডরদের সমন্বয়ে প্রতি মাসে একটি ফ্যাক্ট ফাইন্ডিং সভা আয়োজন করবে এবং সভার বাস্তবায়ন অগ্রগতি অভ্যন্তরীণ সম্পদ বিভাগে অনুষ্ঠিত মাসিক ADP পর্যালোচনা সভায় তথ্য প্রমাণসহ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-৭: প্রকল্প পরিচালক কর্তৃক লিখিত ও স্বাক্ষরিত বিস্তারিত Workplan এক মাসের মধ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৯.০৬.০০১.১৯.২১৮

তারিখ: ৯ আশ্বিন ১৪৩০
২৪ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

২) সচিব, অর্থ বিভাগ

৩) সচিব, অর্থ বিভাগ

৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৫) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৬) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৭) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৮) সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

৯) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

১০) সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড

১১) প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প।, .

১২) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

১৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

১৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

১৫) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

১৬) যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা অনুবিভাগ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।



কানাই লাল শীল

সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
পরিকল্পনা শাখা

আমরা বদলে যাবো
আমরা বদলে দেবো

বিষয়: বন্ড ব্যবস্থা স্বয়ংক্রিয়করণ শীর্ষক প্রকল্পের Project Steering Committee (PSC) এর ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু হেনা মোঃ রহমাতুল মুনিম সিনিয়র সচিব
সভার তারিখ	১৩ সেপ্টেম্বর, ২০২৩
সভার সময়	০৩:৪০ ঘটিকা
স্থান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

০১। প্রকল্পের অনুমোদিত ব্যয় (কোটি টাকায়):

	মূল অনুমোদিত	১ম সংশোধিত	২য় সংশোধিত	২য় সংশোধিত
মোট	৮১.১৫১১	৯৩.০১৯৮	৯৩.০১৯৮	৯৩.০১৯৮
জিওবি	৮১.১৫১১	৯৩.০১৯৮	৯৩.০১৯৮	৯৩.০১৯৮
প্রকল্পের মেয়াদকাল	৩০ জুন, ২০১৯ হতে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত			
১ম সংশোধিত	৩০ জুন, ২০১৯	৩০ জুন, ২০২১	৩০ জুন, ২০২৩	৩০ জুন, ২০২৪

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ বিভাগের যুগ্ম সচিব (পরিকল্পনা) সভায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বিভিন্ন বিষয়াদি উপস্থাপন করেন। এডিপিভূক্ত প্রকল্পটির উপর বিস্তারিত আলোচনায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা, বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালক অনুরোধ করা হয়: **প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে,** প্রকল্পের গুরুত্বপূর্ণ ক্রয় প্যাকেজসমূহের মধ্যে এসডি-২ (রিভিউ এন্ড রিডিজাইন বন্ড এডমিন কনসাল্টিং ফার্ম), এসডি-৫ [আইটি সিস্টেম (সফ্টওয়্যার)], জিডি-৩ (ফাইল আর্কাইভিং এবং ডকুমেন্ট ব্যবস্থাপনা) এবং জিডি-৬ (আইটি ইনফ্রাস্ট্রাকচার)-এর প্রকিউরমেন্ট কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। উল্লিখিত ক্রয় প্যাকেজসমূহের মধ্যে এসডি-২ (রিভিউ এন্ড রিডিজাইন বন্ড এডমিন কনসাল্টিং ফার্ম), এসডি-৫ [আইটি সিস্টেম (সফ্টওয়্যার)] ও জিডি-৩ (ফাইল আর্কাইভিং এবং ডকুমেন্ট ব্যবস্থাপনা)-এর কার্যক্রম চলমান রয়েছে এবং জিডি-৬ (আইটি ইনফ্রাস্ট্রাকচার)-এর আওতায় আইটি ইনফ্রাস্ট্রাকচার ক্রয়পূর্বক ইতোমধ্যে সংশ্লিষ্ট দপ্তরসমূহে স্থাপন করা হয়েছে। উল্লেখ্য যে, জিডি-৩ (ফাইল আর্কাইভিং এবং ডকুমেন্ট ব্যবস্থাপনা)-এর আওতায় নিয়োগপ্রাপ্ত ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক ফাইল আর্কাইভিং এবং ডকুমেন্ট ব্যবস্থাপনার কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে রয়েছে। আরও উল্লেখ্য যে, প্রকল্পের সর্বাধিক গুরুত্বপূর্ণ ক্রয় প্যাকেজ হলো "এসডি-৫ [আইটি সিস্টেম (সফটওয়্যার)]"। এই ক্রয় প্যাকেজটির আওতায় বিদ্যমান কাস্টমস বন্ড ব্যবস্থাপনাকে স্বয়ংক্রিয়করণের নিমিত্তে Customs Bond Management System (CBMS) নামীয় ওয়েব-বেজড অটোমেশন সফটওয়্যার প্রস্তুত করা হচ্ছে। CBMS সফটওয়্যারের বন্ড লাইসেন্স অ্যাপ্লিকেশন মডিউল গত ০৭/০৮/২০২২ খ্রি. তারিখে উদ্বোধন করা হয়েছে এবং গত ০১/০৯/২০২২ খ্রি. তারিখে উক্ত মডিউলটি Go Live করা হয়েছে। বর্তমানে উক্ত মডিউলের মাধ্যমে বন্ড লাইসেন্সের আবেদন অনলাইনে দাখিল করা হচ্ছে। উল্লিখিত সফটওয়্যারের ২৪ (চব্বিশ) টি মডিউলের মধ্যে বন্ড লাইসেন্স অ্যাপ্লিকেশন মডিউলসহ ৩ (তিন) টি মডিউল ডেভেলপমেন্ট শেষে ইতোমধ্যে Go Live করা হয়েছে। এছাড়াও, ১৯ (উনিশ) টি মডিউলের ডেভেলপমেন্ট

শেষে ৪ টি মডিউলের পাইলটিংয়ের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ১৫ (পনের) টি মডিউলের পাইলটিংয়ের কার্যক্রম চলমান রয়েছে এবং অবশিষ্ট ২ (দুই) টি মডিউলের ডেভেলপমেন্ট শেষ পর্যায়ে রয়েছে। স্বয়ংক্রিয় বন্ড ব্যবস্থাপনা যথাযথভাবে পরিচালনার জন্য গুরুত্বপূর্ণ অংশীজনদের অনলাইন সিস্টেমের সাথে CBMS সফটওয়্যারের ইন্টিগ্রেশন করা হচ্ছে। ইতোমধ্যে গুরুত্বপূর্ণ ৭ (সাত) টি দপ্তরের অনলাইন সিস্টেমের সাথে ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে এবং ০৫ (পাঁচ) টি দপ্তরের অনলাইন সিস্টেমের সাথে ইন্টিগ্রেশনের কার্যক্রম চলমান রয়েছে।

৮। **প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা:**

কাজের বিবরণ	সম্পাদনের সম্ভাব্য সময়	সম্ভাব্য সম্পাদনের তারিখ
Requirement Analysis & Design	৩ (তিন) মাস	ইতোমধ্যে সম্পন্ন হয়েছে
Module-based development, UAT Completion	১ (এক) বছর ৪ মাস	৩১/১২/২০২৩ খ্রি.
Piloting	২ (দুই) মাস	৩১/০১/২০২৪ খ্রি.
Stakeholder Awareness Program and Release	২ (দুই) মাস	২৮/০২/২০২৪ খ্রি.
সকল বিল পরিশোধ	১ (এক) মাস	৩১/০৩/২০২৪ খ্রি.
সার্বিক প্রতিবেদন প্রস্তুত	২ (দুই) মাস	৩১/০৫/২০২৪ খ্রি.
জাতীয় রাজস্ব বোর্ডের নিকট হস্তান্তর	১ (এক) মাস	৩০/০৬/২০২৪ খ্রি.

তিনি আরো জানান যে, বিগত ৬ আগস্ট ২০২৩ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে একটি সভায় ইউপি মডিউলসহ অন্যান্য মডিউল যেমন- কো-এফিসিয়েন্ট ম্যানেজমেন্ট মডিউল, বন্ড রেজিস্টার ম্যানেজমেন্ট মডিউল, ইউডি ম্যানেজমেন্ট মডিউল ইত্যাদি ডেমন্সট্রেট করা হয়েছে। এখন কমপ্লাইয়ান্ট ডিমড বন্ডারদের সহযোগিতায় এই মডিউলসমূহের পাইলটিং কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। ইতোমধ্যে ফাইল আর্কাইভিং প্রকিউরমেন্ট-এর কার্যক্রম সম্পন্নপূর্বক এন্ট্রিকৃত ও স্ক্যানকৃত ডাটা মূল সার্ভারে মাইগ্রেশন কার্যক্রম চলমান রয়েছে। মাইগ্রেশন সম্পন্ন করার পর বন্ডারদের সিস্টেমে অন্তর্ভুক্তপূর্বক অক্টোবর, ২০২৩ এর কোন সুবিধাজনক সময়ে চেয়ারম্যান মহোদয়ের অনুমতি নিয়ে ইউপি মডিউল ও সংশ্লিষ্ট কয়েকটি মডিউল লাইভ করা হবে। গত ১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রি তারিখে বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পের নিয়মিত কার্যক্রমে খরচ নির্বাহ এবং প্রকল্প কর্তৃক নিয়োগকৃত ভেন্ডরদের বিল প্রদান করার জন্য ২০২৩-২৪ অর্থবছরের জন্য বরাদ্দকৃত অর্থ ছাড়করণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করা হয়। উক্ত বরাদ্দকৃত অর্থ ছাড়ের বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগের বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, টেকনোলজি ট্রান্সফার সুচারুভাবে সম্পন্ন করার নিমিত্তে বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পে পদস্থ আইটি কর্মকর্তাসহ জাতীয় রাজস্ব বোর্ডের অন্যান্য আইটি সংশ্লিষ্ট প্রকল্পের আইটি কর্মকর্তা এবং ভেন্ডরদের সমন্বয়ে একটি ফ্যাক্ট ফাইন্ডিং সভা আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

পরিকল্পনা মন্ত্রণালয়ের সদস্য সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগের ৩ জুলাই, ২০২২ তারিখের ৩৩৫ নং প্রজ্ঞাপনে ২০২২-২৩ অর্থ বছরের জন্য প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন কমিটির সভায় অংশগ্রহকারী সদস্যদের সম্মানী স্থগিত করা হয়েছিল। উক্ত পরিপত্রে সকল প্রকার প্রকল্প/কর্মসূচি/স্কীমসমূহের ক্ষেত্রে '৩২৫৭২০৬' সম্মানী' অর্থনৈতিক কোডের বরাদ্দ থেকে PIC, PSC, DPEC, SPIC, DSPIC সভায় সম্মানী বাবদ কোন অর্থ ব্যয় করা যাবে না। কিন্তু উক্ত পরিপত্রের সময়-সীমা ইতোমধ্যে শেষ হয়েছে বিধায় ২০২৩-২৪ অর্থবছরে সকল কমিটির সভায় অংশগ্রহণকারী সদস্যদের সম্মানী প্রদান করতে কোন বাধা নেই। এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয় জানান যে, সকল আইন-কানুন পর্যবেক্ষণপূর্বক সঠিক রয়েছে মর্মে প্রতীয়মান হলে সম্মানীর বিষয়ে সিদ্ধান্ত নিতে বলেন।

এ বিভাগের উপসচিব (পরিকল্পনা), জনাব দীপক কুমার বিশ্বাস ২০২২-২৩ অর্থবছরের সম্মানীর বিষয়ে জারিকৃত পরিপত্র পর্যালোচনাপূর্বক জানান যে, উক্ত পরিপত্রের সময়-সীমা ইতোমধ্যে শেষ হয়েছে বিধায় ২০২৩-২৪ অর্থবছরে সকল কমিটির সভায় অংশগ্রহণকারী সদস্যদের '৩২৫৭২০৬' সম্মানী' অর্থনৈতিক কোডের বরাদ্দ থেকে PIC, PSC, DPEC, SPIC, DSPIC সভায় সম্মানী প্রদান করার বিষয়টি সঠিক রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

সিনিয়র সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, জাতীয় রাজস্ব বোর্ড এর আইটি সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রকল্পের সফটওয়ার ডেভেলপমেন্ট এর সাথে জড়িত বিশ্লেষজ্ঞদের নিয়ে একটি আইটি টিম গঠন করতে হবে। উক্ত টিম ভেন্ডরদের সাথে সফটওয়ার প্রস্তুত, পরিচালনা ও উন্নয়ন সম্পর্কিত কাজে সার্বক্ষনিক যুক্ত থাকবে, যাতে প্রকল্প হস্তান্তর পরবর্তী সময়ে সফটওয়ারের উন্নয়ন, পরিচালন ও রক্ষনাবেক্ষণ এবং নিরবিচ্ছিন্ন সেবা প্রদান সহজতর হয়। উক্ত টিম প্রকল্প সংক্রান্ত কার্যাবলী বিশেষ করে প্রযুক্তি হস্তান্তর সূচারুরূপে সম্পন্ন হচ্ছে কিনা, সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক আইটিমের কার্যক্রম পরিদর্শনপূর্বক ভেন্ডরদের সমন্বয়ে প্রতি মাসে একটি ফ্যাক্ট ফাইন্ডিং সভা আয়োজন করবে এবং উক্ত সভার বাস্তবায়ন অগ্রগতি অভ্যন্তরীণ সম্পদ বিভাগে অনুষ্ঠিত মাসিক ADP পর্যালোচনা সভায় তথ্য প্রমাণকসহ উপস্থাপন করা প্রয়োজন মর্মে নির্দেশনা প্রদান করেন।

সিনিয়র সচিব মহোদয় আরো নির্দেশনা প্রদান করেন যে, ২০২৩-২৪ অর্থবছরের ADP তে বরাদ্দের পরিমাণ যাই থাকুক না কেন RADP-তে এমনভাবে বরাদ্দের চাহিদা প্রেরণ করতে হবে যে পরিমাণ অর্থ যথার্থ নিয়মে ও নিদিষ্ট সময়ের মধ্যে ব্যয় করা সম্ভব হয়। তিনি আরও জানান যে, আগামী PSC সভার পূর্বে সকল প্রকল্পের একটি পর্ণাঙ্গ Workplan প্রস্তুতপূর্বক অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। যাতে করে উক্ত প্রকল্পের অর্থনৈতিক অগ্রগতির সাথে বাস্তবায়ন অগ্রগতির সামঞ্জস্য থাকে এবং ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে অপরাগ হলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক-কে সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করতে হবে।

উক্ত সভার বিস্তারিত আলোচনা পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী সংস্থা
সিদ্ধান্ত-১: মাইগ্রেশন সম্পন্ন করার পর বন্ডারদের সিস্টেমে অন্তর্ভুক্তপূর্বক অক্টোবর, ২০২৩ এর কোন সুবিধাজনক সময়ে ইউপি মডিউল ও সংশ্লিষ্ট কয়েকটি মডিউল লাইভ অনুষ্ঠানের আয়োজন করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-২: জাতীয় রাজস্ব বোর্ডে আইটি সংশ্লিষ্ট প্রকল্পের আইটি কর্মকর্তাগণকে নিয়ে একটি টিম গঠনপূর্বক প্রকল্পের সফটওয়ার ডেভেলপমেন্ট পরিচালনা, সফটওয়ার পরিচালনা সম্যক ধারণা, ভেন্ডরদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-৩: জাতীয় রাজস্ব বোর্ডে আইটি সংশ্লিষ্ট প্রকল্পের কর্মকর্তা ও প্রকল্পের সফটওয়ার ডেভেলপমেন্ট এর সাথে জড়িত বিশ্লেষজ্ঞদের নিয়ে ১৫ কার্য দিবসের মধ্যে একটি আইটি টিম গঠনপূর্বক অভ্যন্তরীণ সম্পদ বিভাগকে অবহিত করতে হবে এবং জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক আইটি টিমের কার্যক্রম পরিদর্শনপূর্বক ভেন্ডরদের সমন্বয়ে প্রতি মাসে একটি ফ্যাক্ট ফাইন্ডিং সভা আয়োজন করবে এবং সভার বাস্তবায়ন অগ্রগতি অভ্যন্তরীণ সম্পদ বিভাগে অনুষ্ঠিত মাসিক ADP পর্যালোচনা সভায় তথ্য প্রমাণসহ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-৪: RADP-তে বরাদ্দের চাহিদা প্রেরণের ক্ষেত্রে যে পরিমাণ অর্থ যথার্থ নিয়মে ও নিদিষ্ট সময়ের মধ্যে ব্যয় করা সম্ভব সে পরিমাণ অর্থের চাহিদা প্রেরণ করতে হবে এবং প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে অপরাগ হলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক-কে সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-৫: প্রকল্প পরিচালক কর্তৃক লিখিত ও স্বাক্ষরিত বিস্তারিত Workplan এক মাসের মধ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৯.০৬.০০১.১৯.২১৯

তারিখ: ৯ আশ্বিন ১৪৩০
২৪ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, শুল্ক ও ভ্যাট প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
৬) সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা, জাতীয় রাজস্ব বোর্ড
৭) সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
৮) প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বংক্রিয়করণ প্রকল্প
৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
১০) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
১১) যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

কানাই লাল শীল
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
পরিকল্পনা শাখা

আমরা বদলে যাবো
আমরা বদলে দেবো

বিষয়: South Asia Subregional Economic Coaperation (SASEC) Intergrated Trade Facilitation Sector Development Project: NBR Part (Loan 4178-BAN) শীর্ষক প্রকল্প Project Steering Committee (PSC) এর ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু হেনা মোঃ রহমাতুল মুনিম সিনিয়র সচিব
সভার তারিখ	১৩ সেপ্টেম্বর, ২০২৩
সভার সময়	০৩:৫০ ঘটিকা
স্থান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

প্রকল্পের অনুমোদিত ব্যয় (কোটি টাকায়):

	মূল অনুমোদিত
মোট	৩১৩.০০ কোটি টাকা
জিওবি	৪৯.৫০ কোটি টাকা
বৈদেশিক অর্থায়ন (এডিবি)	২৬৩.৫০ কোটি টাকা।
অন্যান্য	-

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ বিভাগের যুগ্ম সচিব (পরিকল্পনা) সভায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বিভিন্ন বিষয়াদি উপস্থাপন করেন। এডিপিভূক্ত প্রকল্পটির উপর বিস্তারিত আলোচনায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা, বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালক অনুরোধ করা হয়:

প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০২৩-২৪ অর্থবছরে জিওবি ৪.৮৫ কোটি এবং প্রকল্প সাহায্য ১৬.১১ কোটিসহ মোট ২০.৯৬ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। PIU-HQ এর অফিস ভাড়ার জন্য আর্থিক ও প্রশাসনিক অনুমোদনের জন্য অর্থ বিভাগ বরাবর ১৭/০৫/২০২৩ খ্রি: তারিখে পত্র প্রেরণ করা হলে গত ০২/০৮/২০২৩ খ্রি: তারিখে অর্থ বিভাগ হতে অফিস ভাড়াকরণের প্রশাসনিক অনুমোদন এবং ৩০/০৮/২০২৩ খ্রি: তারিখে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে অনুমোদন প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে প্রকল্পের অফিস ভাড়াকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানের সাথে (জুলাই, ২০২৩ - জুন, ২০২৬ পর্যন্ত) ০৩ (তিন) বছরের জন্য চুক্তি সম্পাদন করা হয়েছে। ডিপিপি অনুযায়ী Project Support Staff Outsourcing Firm নিয়োগের লক্ষ্যে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দাখিলকৃত কারিগরি প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন সীলগালাকৃত আর্থিক প্রস্তাবসহ ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) কর্তৃক অনুমোদিত হয়। উক্ত অনুমোদনের প্রেক্ষিতে আর্থিক প্রস্তাব মূল্যায়ন এবং অনুমোদিত কারিগরি প্রস্তাব দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটির কমিটির সকল সদস্যের সম্মতিতে চূড়ান্তভাবে একটি প্রতিষ্ঠানকে সুপারিশ করে Combined Evulation Report দাখিল করা হয়েছে। যা গত ০৭/০৯/২০২৩ খ্রি: তারিখে প্রকল্প পরিচালক কর্তৃক অনুমোদিত হয়েছে। যানবাহন (১টি SUV ও ১টি মাইক্রোবাস) ভাড়াকরণের লক্ষ্যে Draft Bid Document প্রস্তুত করে গত ১৭ মে, ২০২৩ তারিখে এডিবি বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে প্রেরিত ই-মেইলের প্রেক্ষিতে কোন মতামত না পাওয়ায় পুনরায় এডিবি বরাবর ২৫/০৭/২০২৩ খ্রি: তারিখে ই-মেইল প্রেরণ করা হলে এডিবি হতে ১৫/০৮/২০২৩ খ্রি: তারিখে জবাব পাওয়া যায়। এডিবি হতে প্রাপ্ত

সুপারিশের ভিত্তিতে পুনরায় Draft Bid Document প্রস্তুত করা হচ্ছে। প্রকল্পের আওতায় Project Management Consulting Services (PMC) ফার্ম নিয়োগের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক পরার্মশক প্রতিষ্ঠান Short listing করে এডিবি বরাবর প্রেরণ করা হলে এডিবি হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে পুনরায় পরামর্শক প্রতিষ্ঠান প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক Short listing করা হয়েছে যা আগামী ২/১ দিনের মধ্যে এডিবি বরাবর প্রেরণ করা হবে। প্রকল্পের আওতায় Detailed Design Consultancy (DDC) ফার্ম নিয়োগের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান প্রস্তাব মূল্যায়ন কমিটির কর্তৃক পরার্মশক প্রতিষ্ঠান Short listing করা হয়েছে যা আগামী ২/১ দিনের মধ্যে এডিবি বরাবর প্রেরণ করা হবে। প্রকল্পের আওতায় Internal Audit Consulting Services (Package no. NBR/CS-03) Services এর জন্য consulting firm এর পরিবর্তে ডিপিপি অনুযায়ী Individual Consultant নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। ০৩টি স্থল কাস্টমস স্টেশন (আখাউড়া, তামাবিল, সোনামসজিদ) ভৌত অবকাঠামো নির্মাণ কার্য সম্পাদনের জন্য Bid Document প্রস্তুত করা হচ্ছে। যা এডিবির সম্মতি প্রাপ্তি সাপেক্ষে দরপত্র আহ্বান করা হবে।

প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা:

কাজের বিবরণ	সম্পাদনের সম্ভাব্য সময়	সম্ভাব্য সম্পাদনের তারিখ
১. Transportation Service ক্রয়	০২ (দুই) মাস	১৫/১১/২০২৩
২. আউটসোর্সিং জনবল ফার্ম নিয়োগ	০১ (এক) মাস	০১/১০/২০২৩
৪. PMC ফার্ম নিয়োগ	০৫ (পাঁচ) মাস	১৫/০১/২০২৪
৫. Detailed Design Consultant for Darshana, Birol, Sonahat, Sheora, Bibirbazar, Teknaf BCPs	০৫ (পাঁচ) মাস	১৫/০১/২০২৪
৬. Internal Audit Consulting Service	০৩ (তিন) মাস	২৭/১২/২০২৩
৭. Works এর Tender	০৭ (সাত) মাস	৩১/০৩/২০২৪

তিনি আরো জানান যে, প্রকল্পের দায়িত্বে ইতোপূর্বে পদস্থ ১ জন রাজস্ব কর্মকর্তাকে অন্য দপ্তরে বদলী করা হয়েছে, কিন্তু তার পরিবর্তে কাউকে পদস্থ করা হয়নি। এছাড়া শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর থেকে অতিরিক্ত দায়িত্বে পদস্থ জনাব শরীফ মো: আল-আমীন কে অব্যাহতি প্রদান করে প্রয়োজনে অপর একজন ক্যাডার কর্মকর্তা পদস্থের জন্য অনুরোধ জানিয়ে এনবিআর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে PIU-HQ-এ ০২ (দুই) জন কর্মকর্তাকে পদস্থ করার জন্য এবং ০২ (দুই) জন সহকারী রাজস্ব কর্মকর্তাকে পূর্ণকালীন সংযুক্তিতে প্রকল্পের দায়িত্ব পালনে ন্যাস্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ১১/০৫/২০২৩ খ্রি: তারিখে এদপ্তর হতে জাতীয় রাজস্ব বোর্ড বরাবর পত্র প্রেরণ করা হয়। প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী ০২টি যানবাহন (১টি SUV ও ১টি মাইক্রোবাস) ভাড়াকরণের লক্ষ্যে গত ১৭ মে, ২০২৩ খ্রিঃ তারিখে Procurement Plan, Cost Estimate and Tender Document এর বিষয়ে NOC প্রদানের জন্য এডিবি বরাবর ই-মেইল করা হয়। কিন্তু এডিবি হতে উক্ত বিষয়ে কোন মতামত জানানো হয়নি। এর ফলে প্রকল্প অফিসের জন্য গাড়ি ভাড়া করা সম্ভব হচ্ছে না। কোন কোন ক্ষেত্রে প্রকল্পের কার্যক্রম সম্পাদনে এডিবিসহ অন্যান্য দপ্তর থেকে যথাসময়ে জবাব/মতামত না পাওয়ায় নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হচ্ছে না।

পরিকল্পনা মন্ত্রণালয়ের সদস্য সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগের ৩ জুলাই, ২০২২ তারিখের ৩৩৫ নং প্রজ্ঞাপনে ২০২২-২৩ অর্থ বছরের জন্য প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন কমিটির সভায় অংশগ্রহকারী সদস্যদের সম্মানী স্থগিত করা হয়েছিল। উক্ত পরিপত্রে সকল প্রকার প্রকল্প/কর্মসূচি/স্কীমসমূহের ক্ষেত্রে ‘৩২৫৭২০৬’ সম্মানী’ অর্থনৈতিক কোডের বরাদ্দ থেকে PIC, PSC, DPEC, SPIC, DSPIC সভায় সম্মানী বাবদ কোন অর্থ ব্যয় করা যাবে না। কিন্তু উক্ত পরিপত্রের সময়-সীমা ইতোমধ্যে শেষ হয়েছে বিধায় ২০২৩-২৪ অর্থবছরে সকল কমিটির সভায় অংশগ্রহণকারী সদস্যদের সম্মানী প্রদান করতে কোন বাধা নেই। এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয় জানান যে, সকল আইন-কানুন পর্যবেক্ষণপূর্বক

সঠিক রয়েছে মর্মে প্রতীয়মান হলে সম্মানীর বিষয়ে সিদ্ধান্ত নিতে বলেন।

এ বিভাগের উপসচিব (পরিকল্পনা), জনাব দীপক কুমার বিশ্বাস ২০২২-২৩ অর্থবছরের সম্মানীর বিষয়ে জারিকৃত পরিপত্র পর্যালোচনাপূর্বক জানান যে, উক্ত পরিপত্রের সময়-সীমা ইতোমধ্যে শেষ হয়েছে বিধায় ২০২৩-২৪ অর্থবছরে সকল কমিটির সভায় অংশগ্রহণকারী সদস্যদের '৩২৫৭২০৬' সম্মানী' অর্থনৈতিক কোডের বরাদ্দ থেকে PIC, PSC, DPEC, SPIC, DSPIC সভায় সম্মানী প্রদান করার বিষয়টি সঠিক রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

সিনিয়র সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, ২০২৩-২৪ অর্থবছরের ADP তে বরাদ্দের পরিমাণ যাই থাকুক না কেন RADP-তে এমনভাবে বরাদ্দের চাহিদা প্রেরণ করতে হবে যে পরিমাণ অর্থ যথার্থ নিয়মে ও নিদির্ষ্ট সময়ের মধ্যে ব্যয় করা সম্ভব হয়। তিনি আরও জানান যে, আগামী PSC সভার পূর্বে সকল প্রকল্পের একটি পর্ণাঙ্গ Workplan প্রস্তুতপূর্বক অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। যাতে করে উক্ত প্রকল্পের অর্থনৈতিক অগ্রগতির সাথে বাস্তবায়ন অগ্রগতির সামঞ্জস্য থাকে এবং ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে অপরাগ হলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক-কে সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করতে হবে।

উক্ত সভার বিস্তারিত আলোচনা পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী সংস্থা
সিদ্ধান্ত-১: PIU-HQ-এ ০২ (দুই) জন কর্মকর্তাকে পদস্থ করার জন্য এবং ০২ (দুই) জন সহকারী রাজস্ব কর্মকর্তাকে পূর্ণকালীন সংযুক্তিতে প্রকল্পের দায়িত্ব পালনে ন্যাস্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ১১/০৫/২০২৩ খ্রি: তারিখে এদপ্তর হতে জাতীয় রাজস্ব বোর্ড বরাবর পত্র প্রেরণ করা হয়। প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী ০২টি যানবাহন (১টি SUV ও ১টি মাইক্রোবাস) ভাড়াকরণের লক্ষ্যে গত ১৭ মে, ২০২৩ তারিখে Procurement Plan, Cost Estimate and Tender Document এর বিষয়ে NOC প্রদানের জন্য এডিবি বরাবর ই-মেইল প্রেরণ করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
